**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 02-05.2026** | **Desk in Charge : SDG**
**Time : 7-35 AM** | **Edit. & Compile : NBR**
**DEO : KB** | **NRT : NBR**

**Announcement :-** আকাশবাণী / খবর পড়ছিঃ-

<u>বিশেষ বিশেষ খবর –</u>

১) দক্ষিণ ২৪ পরগণার মগরাহাট পশ্চিমের ১১ টি এবং ডায়মন্ড হারবারে ৪টি- মোট ১৫ টি বুথে পুনর্নির্বাচন চলছে। # চলবে সন্ধ্যা ৬'টা পর্যন্ত ।

২) ভোটগণনা কেন্দ্রে কাউন্টিং সুপারভাইজার হিসেবে শুধুমাত্র কেন্দ্রীয় সরকারি কর্মীদের নিয়োগের বিরুদ্ধে তৃণমূল কংগ্রেস এবার সুপ্রিম কোর্টের দ্বারস্থ। আজ'ই মামলার শুনানি।

৩/ গণনা কেন্দ্রের নিরাপত্তা সুনিশ্চিত করতে নেওয়া হচ্ছে একাধিক ব্যবস্থা।

৪/ কিংবদন্তি চলচ্চিত্রকার সত্যজিৎ রায়ের আজ জন্মদিন। শহর জুড়ে আজ একাধিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

৫/ দক্ষিণবঙ্গে আজ বৃষ্টির পরিমাণ কিছুটা কম থাকলেও, আগামীকাল এবং গণনার দিন দুর্যোগপূর্ণ আবহাওয়ার পূর্বাভাস।

*********************************************************************

দক্ষিণ ২৪ পরগনার দুই বিধানসভা কেন্দ্রের ১৫টি বুথে আজ পুনর্নির্বাচনে ভোট গ্রহণ শুরু হয়েছে। নির্বাচন কমিশনের নির্দেশে, মগরাহাট পশ্চিমের ১১ টি, এবং ডায়মন্ড হারবারে ৪টি বুথে ফের ভোট নেওয়া হচ্ছে। সকাল ৭টা থেকে ভোটদান শুরু হয়ে চলবে সন্ধ্যা ৬টা পর্যন্ত। বিভিন্ন বুথে ইতমধ্যেই ভোটারদের লাইন চোখে পড়ছে। আমরা সরাসরি চলে যাবো আমাদের প্রতিনিধি অভিজিৎ চক্রবর্তী কাছে। অভিজিৎ, ওখানকার চিত্রটি কেমন?

( ভিসি অভিজিৎ ৭-৩৫ )

উল্লেখ্য, নির্বাচন কমিশন গত সন্ধ্যায় রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিককে চিঠি দিয়ে ফের ভোট গ্রহণের নির্দেশ দেয়। গত ২৯ শে এপ্রিল দ্বিতীয় দফা ভোটের সময়ে এইসব কেন্দ্রগুলি থেকে অশান্তি এবং নির্বাচনী প্রক্রিয়ায় বিঘ্ন ঘটানোর খবর আসে। এর প্রেক্ষিতে সংশ্লিষ্ট রিটার্নিং অফিসার এবং পর্যবেক্ষকরা রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরে রিপোর্ট পাঠান। সেখান থেকে ফের ভোট নেওয়ার সুপারিশ নতুন দিল্লীতে ভারতের নির্বাচন কমিশনে পাঠানো হয়। তা খতিয়ে দেখার পরই কমিশন আপাতত এই ১৫ টি বুথে পুনরায় ভোট নেওয়ার কথা জানিয়েছে। ঐ বুথগুলিতে ২৯ শে এপ্রিলের ভোট বাতিল ঘোষণা করা হয়েছে।

************************

ভোটগণনা কেন্দ্রে কাউন্টিং সুপারভাইজার হিসেবে শুধুমাত্র কেন্দ্রীয় সরকারি কর্মীদের নিয়োগের বিরুদ্ধে তৃণমূল কংগ্রেস এবার সুপ্রিম কোর্টের দ্বারস্থ হয়েছে। কলকাতা হাইকোর্ট গত বৃহস্পতিবার এই মামলা খারিজ করে দেয়। বিচারপতি কৃষ্ণা রাও জানিয়েছিলেন, কাউন্টিং সুপারভাইজার হিসেবে কর্মী নিয়োগের সিদ্ধান্ত নির্বাচন কমিশনের। সে বিষয়ে আদালত হস্তক্ষেপ করতে পারেনা। কোনোরকম পক্ষপাতিত্ব হলে, ভোটের ফলাফলকে চ্যালেঞ্জ জানিয়ে ইলেকশান পিটিশন দায়ের করা যেতে পারে বলে হাইকোর্ট জানায়। এরপরই শীর্ষ আদালতের আবেদন জানায় তৃণমূল কংগ্রেস।

জরুরী ভিত্তিতে শুনানির অনুরোধ জানানো হলে, তা' মঞ্জুর হয়। আজ সুপ্রিম কোর্টে ছুটির দিন হলেও, মামলার শুনানির জন্য দুই বিচারপতি পি এস নরসিংহা ও জয়মাল্য

বাগচীর বিশেষ বেঞ্চ গঠন করা হয়েছে। সকাল সাড়ে ১০ টা নাগাদ মামলাটির শুনানি শুরু হতে পারে।

*************************

ভোট গণনার প্রস্তুতি সরেজমিনে খতিয়ে দেখতে একাধিক জেলা পরিদর্শন করেছেন রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল। গণনাকেন্দ্রগুলির পরিকাঠামো, নিরাপত্তা ব্যবস্থা, স্ট্রং রুম সংলগ্ন নজরদারি এবং গণনার দিন প্রোটোকল ঠিকমতো মানা হচ্ছে কি না, তা খতিয়ে দেখাই এই পরিদর্শনের মূল উদ্দেশ্য।

গতকাল বিকেলে বাঁকুড়া বিশ্ববিদ্যালয়ে গণনাকেন্দ্রের স্ট্রং রুম পরিদর্শন কোরে নিরাপত্তা ব্যবস্থা নিয়ে সন্তোষ প্রকাশ করেন তিনি।

( বাইট-আগরওয়াল )

সেখান থেকেই শ্রী আগারওয়াল বিষ্ণুপুরে কে জি ইঞ্জিনিয়ারিং কলেজে স্ট্রংরুম ঘুরে দেখেন। এর আগে সকালে কলকাতা থেকে হেলিকপ্টারে প্রথমে পুরুলিয়ার রঘুনাথপুরে গণনাকেন্দ্র পরিদর্শনের পর জেলা প্রশাসনের আধিকারিকদের সঙ্গে বৈঠক করে প্রস্তুতির খুঁটিনাটি খতিয়ে দেখেন। এরপর পুরুলিয়া শহরের গণনাকেন্দ্র ঘুরে প্রয়োজনীয় নির্দেশ দেন। পরে ঝাড়গ্রামে রানী ইন্দিরাদেবী গভর্নমেন্ট গার্লস কলেজে গণনাকেন্দ্র ঘুরে দেখেন শ্রী আগারওয়াল।

*************************

রাজ্যের ২৯৪ টি বিধানসভা আসনে আগামী সোমবার চৌঠা মে গণনা উপলক্ষে ৭৭ টি ভোট গণনা কেন্দ্রের স্ট্রং রুমগুলির নিরাপত্তায় প্রায় এক হাজার ৮৫০ জন কেন্দ্রীয় জওয়ানকে মোতায়েন করা হয়েছে। এছাড়াও গণনা কেন্দ্রে সিসিটিভি-র সঙ্গে থাকছে ত্রিস্তরীয় নিরাপত্তা ব্যবস্থা। কেন্দ্রের বাইরে ১০০ মিটারের মধ্যে কোনো যানবাহন প্রবেশ করতে পারবে না। গণনা কেন্দ্রের নিরাপত্তায় রাজ্যের সশস্ত্র পুলিশ বাহিনীকে দায়িত্ব দেওয়া হয়েছে। কেন্দ্রে প্রবেশ ও গণনা কক্ষের মাঝে রাজ্য পুলিশের পাশাপাশি কেন্দ্রীয় বাহিনীর জওয়ানরাও থাকবেন। তবে গণনা কক্ষে নিরাপত্তায় থাকবে শুধুমাত্র কেন্দ্রীয় বাহিনীর জওয়ানরা।

*************************

কলকাতা পুলিশ, শহরের সাতটি জায়গায় স্ট্রং রুমের সামনে ভারতীয় ন্যায় সংহিতার ১৬৩ ধারা জারি করেছে। ক্ষুদিরাম অনুশীলন কেন্দ্র, সাখাওয়াত মেমোরিয়াল স্কুল, হেস্টিংস হাউস, যাদবপুরের এপিসি রায় পলিটেকনিক কলেজ, সেন্ট টমাস বয়েজ স্কুল, বাবাসাহেব আম্বেদকর এডুকেশন ইউনিভার্সিটি ও বালিগঞ্জ গভর্মেন্ট হাই স্কুলের ২০০ মিটারের মধ্যে পাঁচজন বা তার বেশি জমায়েত করা নিষিদ্ধ। পুলিশ কমিশনার অজয় নন্দ এক নির্দেশিকায় জানিয়েছেন, এই এলাকায় কোনো মিটিং, মিছিল, সমাবেশ বা বিক্ষোভ প্রদর্শন করা যাবে না। গতসন্ধ্যাতেই এই নির্দেশিকা কার্যকর হয়েছে। গণনা শুরু হওয়া পর্যন্ত এই নিষেধাজ্ঞা জারি থাকবে। নির্দেশ অমান্য করলে পুলিশ আইন অনুযায়ী ব্যবস্থা নেবে বলেও উল্লেখ করা হয়েছে।

**********************

স্ট্রং রুমের নিরাপত্তা নিয়ে শাসক ও বিরোধী পক্ষের মধ্যে রাজনৈতিক চাপানউতোর চলছে। তৃণমূল কংগ্রেস প্রার্থী শশী পাঁজা এক সাংবাদিক বৈঠকে গণনা কেন্দ্রের CCTV ক্যামেরার ত্রুটি নিয়ে প্রশ্ন তোলেন। বিষয়গুলি নির্বাচন কমিশনের সুনিশ্চিত করা প্রয়োজন বলে মন্তব্য করেন তিনি।

( বাইট- শশী পাঁজা )

অন্যদিকে, গত বৃহস্পতিবার ভবানীপুর কেন্দ্রের তৃণমূল কংগ্রেস প্রার্থী মমতা ব্যানার্জীর শাখাওয়াত মেমোরিয়াল স্কুলের কাউন্টিং সেন্টারে যাওয়াকে কটাক্ষ করেন
কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার।

( বাইট- সুকান্ত )

**********************

ভোট গণনার আগে আজ দলের কাউন্টিং এজেন্টদের সঙ্গে বৈঠকে বসতে চলেছে তৃণমূল কংগ্রেস। বিকেলে ভার্চুয়াল মাধ্যমে এই বৈঠক হওয়ার কথা। দলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় ছাড়াও অন্যান্য নেতৃত্ব বৈঠকে উপস্থিত থাকতে পারেন। ইতিমধ্যেই বিভিন্ন এলাকায় স্ট্রংরুমের নিরাপত্তা নিয়ে দলের পক্ষ থেকে প্রশ্ন তোলা হয়েছে। গত বৃহস্পতিবার কলকাতার দুই গণনা কেন্দ্রে শাসক ও বিরোধী পক্ষের মধ্যে বাদানুবাদ ও অশান্তির পর আরও বাড়ানো হয়েছে নজরদারি। আজকের বৈঠকে স্ট্রংরুমে

চূড়ান্ত নজরদারি এবং গণনার দিন কর্মীদের ভুমিকা নিয়ে অভিষেক পরামর্শ দিতে পারেন বলে মনে করা হচ্ছে।

**********************

কিংবদন্তি চলচ্চিত্রকার সত্যজিৎ রায়ের আজ জন্মদিন।

ইনসার্ট-

চলচ্চিত্র সমালোচনার প্রত্যুত্তরে একাধিকবার নানা আলোচনায় তিনি বলেছেন, সাহিত্য নাটক চিত্রকলা সংগীত ইত্যাদির প্রভাব সত্ত্বেও চলচ্চিত্র শিল্প নিজস্ব বৈশিষ্ট্যে ভাস্বর এবং এই শিল্পের গুনাগুন বিচারে এক বিশেষ ধরনের সমঝদারির প্রয়োজন।তাই ভোটমুখী বাংলায় সমস্ত রাজনৈতিক দল ও রাজ্যবাসীর একটি বড় অংশ মেতে থাকলেও মহান ও কিংবদন্তি চলচ্চিত্রকার সত্যজিৎ রায়ের জন্মদিন কে স্মরণে রেখে বেশ কিছু সংগঠন নানা অনুষ্ঠানের আয়োজন করেছে। সত্যজিৎ রায় ফিল্ম এন্ড টেলিভিশন ইনস্টিটিউট, আসানসোলের সিনে ক্লাব, বারাসাত চলচ্চিত্র প্রেমী সংগঠন ও গলফ গ্রীন সিনে ক্লাব আজ সন্ধ্যায় আলোচনা শেষে তাঁর চলচ্চিত্র প্রদর্শনের আয়োজন করেছে।

**********************

দক্ষিণবঙ্গে আজ বৃষ্টির পরিমাণ কিছুটা কম থাকলেও আগামী দু'দিন দুর্যোগপূর্ণ আবহাওয়ার পূর্বাভাস রয়েছে। উত্তরবঙ্গে আজও ভারী বৃষ্টির সম্ভাবনা। গত তিনদিন ধরে বৃষ্টি ও মেঘলা আবহাওয়ার জন্য নেমেছে তাপমাত্রার পারদ। আলিপুরে আর সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২২ ডিগ্রি সেলসিয়াস স্বাভাবিকের থেকে ৪ দশমিক ১ ডিগ্রি কম। আজ দুই বর্ধমান, বীরভূম, নদীয়া, মুর্শিদাবাদ এবং উত্তর ও দক্ষিণ ২৪ পরগণা জেলায় বিক্ষিপ্তভাবে হালকা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা রয়েছে। উত্তরবঙ্গের দার্জিলিং কালিম্পং জলপাইগুড়ি আলিপুরদুয়ার এবং কোচবিহার জেলায় ভারী বৃষ্টির কমলা সতর্কতা রয়েছে। মৎস্যজীবীদের আগামী ৪ তারিখ পর্যন্ত সমূদ্রে যেতে নিষেধ করা হয়েছে।

*****************************************************************